

## যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ নবম প্রকার যাদু

রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

যৌনক্ষমতা লোপ, যৌন দুর্বলতা এবং পুরুষত্বহীনতার পার্থক্য

প্রথমঃ যাদুর দ্বারা যৌন ক্ষমতা নষ্ট করা

এটি হল, তার যৌন ক্ষমতা ঠিকই আছে বরং স্ত্রীর থেকে দূরে থাকলে তার যৌনাঙ্গ ঠিক, গরম ও কার্যকর থাকে। আর যখন সে স্ত্রীর নিকটবর্তী হয় আর তার সাথে সঙ্গম করতে চায় সেই মুহূর্তে একেবারে অক্ষম হয়ে যায়।

দ্বিতীয়তঃ সাধারণ যৌন অক্ষমতা

স্ত্রীর নিকটে হোক আর দূরে সব সময়ের জন্যই সে পুরুষ যৌনক্ষম; বরং তার পুরুষাঙ্গ কখনই শক্তিশালী হয় না।

তৃতীয়তঃ যৌন শক্তির দুর্বলতা

স্বামী স্ত্রীর সাথে দীর্ঘদিন পর ছাড়া সহবাসে সক্ষম হয় না। তাও অতি অল্প সময়ের জন্যে সে সক্ষম হয়। তার পরেই অতি তাড়াতাড়ি পুরুষাঙ্গ নিস্তেজ হয়ে যায়।

চিকিৎসা

যাদুর দ্বারা নষ্ট করা যৌন শক্তির চিকিৎসার ইতিপূর্বেই নয়টি পদ্ধতি উল্লেখ করা হয়েছে। আর সাধারণ যৌন অক্ষমতার জন্য ডাক্তারদের আশ্রয় নিতে হবে। তবে যৌন শক্তির দুর্বলতার চিকিৎসার জন্য নিম্ন লিখিত পদ্ধতি গ্রহণ করবেঃ

- ১। ১ কিলোগ্রাম মৌচাকের খাটি মধু এবং ২০০ গ্রাম দেশীয় রাণী মৌমাছির খাদ্য।
- ২। তার উপর সূরা ফাতেহা, সূরা আলাম নাশরাহ এবং তিন কুল পড়বে।
- ৩। তারপর রোগী সকালে খালিপেটে তিন চামচ, দুপুরে এক ও রাতে এক চামচ খাবার পর খাবে।
- ৪। এ পদ্ধতি ১ মাস বা দু'মাস দুর্বলতার উপর ভিত্তি করে চালিয়ে যাবে। আল্লাহর হুকুমে আরোগ্য লাভ করবে।